# ARC FINANCE LIMITED

**Date: 04th November, 2022**

To,
**The Bombay Stock Exchange Limited,**
PJ Towers, Dalal Street
Mumbai- 400 001

To,
**The Calcutta Stock Exchange Limited**
7, Lyons Range,
Kolkata- 700 001

**Subject: Compliance under Regulation 47 of the Securities and exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015 ("Listing Regulations")**

*BSE Scrip Code:* ***540135*** *CSE Scrip Code:* ***011278***

**Dear Sir,**

Pursuant to Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith the copy of the newspaper publication of Notice of the Board Meeting of the Company to, inter-alia, consider and approve the Unaudited Financial Results of the Company for the Quarter & Half Year ended September 30, 2022 published in the following editions

1. Financial Express — English Newspaper
2. Sukhabar — Bengali Newspaper

Please take the same on your record and acknowledge the receipt of the same.

Thanking You.
Yours Faithfully,

**For ARC Finance Limited**

Rohit Jain

**Rohit Jain**
**Company Secretary**
**M. No. 44371**

18, Rabindra Sarani, Poddar Court, Gate No. 4, 4th Floor, Room No. 3, Kolkata - 700 001, West Bengal. www.arcfinance.in
Contact No. 033-3258-9854, E-mail : arcfinancelimited@gmail.com, CIN No. : L51909WB1982PLC035283

# রাজ্যপালের দাদার জন্মদিনে জোর বাদ্যি বাজালেন মমতা

**চেন্নাই:** রাজ্যের ভারপ্রাপ্ত রাজ্যপাল লা গণেশনের দাদার ৮০ বছরের জন্মদিনের অনুষ্ঠানে যোগ দিলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে বাজালেন তামিল বাদ্যযন্ত্র সেন্ডা মেলম। আনেকটা বাংলার ঢাকের মতো দেখতে এই বাদ্যযন্ত্রটি। মূলত এই অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্যই বুধবার কলকাতা থেকে চেন্নাই এসেছেন মমতা।

বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ রাজ্যপাল লা গণেশনের দাদার জন্মদিনের অনুষ্ঠানে যোগ দেন এরাজ্যের মুখ্যমন্ত্রী। সেখানে তাঁকে তামিলনাড়ুর রীতি মেনে সেন্ডা মেলম বাজিয়ে স্বাগত জানানো হয়। মুখ্যমন্ত্রী নিজেও বাজান সেন্ডা মেলম।

কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়ির কালীপুজোয় সস্ত্রীক যোগ দিয়েছিলেন রাজ্যপাল লা গণেশন। টালির চালে ছোটো ঘরে মুখ্যমন্ত্রীর বাসস্থান দেখে কার্যত বিস্মিত হন ভারপ্রাপ্ত রাজ্যপাল। তখনই নিজের দাদার ৮০ বছরের জন্মদিনের বিশেষ অনুষ্ঠানে মমতা বন্দ্যোপাধ্যায়কে আমন্ত্রণ জানান তিনি। মুখ্যমন্ত্রী সেই আমন্ত্রণ গ্রহণ করেন। মমতা ছাড়াও এই অনুষ্ঠানে তামিলনাড়ুর সব রাজনৈতিক দলের প্রবীণ নেতাদের আমন্ত্রণ জানানো হয়। আমন্ত্রিতদের তালিকায় ছিলেন তামিলনাড়ুর বিদ্বজনেরাও। তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিনও অনুষ্ঠানে যোগ দেন।

তাৎপর্যপূর্ণভাবে দক্ষিণের সুপারস্টার রজনীকান্তও রাজ্যপাল লা গণেশনের দাদার ৮০তম জন্মদিনের অনুষ্ঠানে হাজির ছিলেন। সূত্রের খবর, ওই অনুষ্ঠানে রজনীকান্ত ও মমতার মুখোমুখি সাক্ষাৎ হয়েছে। বেশ কিছুক্ষণ কথা হয়েছে দু'জনের।

সূত্রের খবর, অনুষ্ঠান মঞ্চে মমতা হাজির আছেন শুনে রজনীকান্ত নিজেই এগিয়ে এসে তাঁর সঙ্গে কথা বলেন। যদিও এটা নেহাতই সৌজন্য বিনিময় বলে খবর। তাও সদ্য রাজনীতিতে হাত পাকানো রজনীকান্তর সঙ্গে মমতার এই সৌজন্য বিনিময় আলাদা গুরুত্বের দাবি রাখে। তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী স্ট্যালিনের সঙ্গেও এদিন ফের কথা হয় মমতার।

স্ট্যালিনের সঙ্গে অবশ্য বুধবারই আলাদা করে বৈঠক করেছিলেন মমতা। তামিলনাড়ুর মুখ্যমন্ত্রীর বাড়ি গিয়ে বেশ কিছুক্ষণ তাঁর সঙ্গে কথা বলেন বাংলার মুখ্যমন্ত্রী। স্ট্যালিনকে বাংলার নারকেল নাড়ু উপহার দিয়ে এসেছেন মমতা। এর আগে কলকাতায় এসে নারকেল নাড়ু খেয়ে মুগ্ধ হয়েছিলেন এম কে স্ট্যালিন। সেজন্যই বিশ্ববাংলা থেকে কেনা উপহারের পাশাপাশি তাঁর জন্য এক জার নারকেল নাড়ু নিয়ে যান মুখ্যমন্ত্রী।

এমনিতেই স্ট্যালিনের সঙ্গে মমতার খুবই সুসম্পর্ক। ফলে রাজ্যপাল লা গণেশনের কাছ থেকে তাঁর চেন্নাইয়ের বাড়িতে যখন যাওয়ার আমন্ত্রণ পেয়েছিলেন, তখনই ঠিক করে নেন দেখা করবেন স্ট্যালিনের সঙ্গে। সে কথা নিজেই জানিয়ে মমতা বৈঠকের পর বলেন, 'চেন্নাই আসব আর স্ট্যালিনের সঙ্গে দেখা করব না, হয় নাকি! আমাদের সম্পর্ক দাদা ও বোনের।' যেহেতু বিজেপি বিরোধী শিবিরে মমতা-স্ট্যালিনের ভূমিকা খুবই তাৎপর্যপূর্ণ, সে কারণে এই বৈঠক নিয়ে তুঙ্গে ওঠে আগ্রহ।

যদিও মিনিট কুড়ির একান্ত কথায় কী আলোচনা হয়েছে তা কেউই বাইরে প্রকাশ করেননি।

—সংবাদ সংস্থা

# ইউকো ব্যাঙ্কের ত্রৈমাসিকের ফল বেরলো ব্যবসা বাড়ল ১৪৫%

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা:** দেশের অন্যতম প্রধান রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক, ইউকো ব্যাঙ্কের সেপ্টেম্বরের ত্রৈমাসিক ফলাফল বেরোল। এই ফল অনুযায়ী, গত বছরের ত্রৈমাসিকের (সেপ্টেম্বর, ২০২১) তুলনায় এবছরের ত্রৈমাসিকের (সেপ্টেম্বর, ২০২২) প্রকৃত লাভের পরিমাণ ১৪৫.৬৪% বেড়ে ৫০৪.৫২ কোটি হয়েছে। এই ত্রৈমাসিকে-ই ব্যাঙ্কের অপারেটিং প্রফিট বেড়ে ১১৮৯.৭৮ কোটি হয়েছে।ব্যাঙ্কের মোট ব্যবসা গত বছরের থেকে প্রায় ১২.৫৫% বেড়ে ৩,৭৭,৩০৪.৯২ কোটি টাকা হয়েছে। মোট জমানতের পরিমাণ ১০.০৪% বেড়ে ২,৩৫,১৬৮.৬৩ কোটি টাকা হয়েছে। ব্যাঙ্কের সেভিং ডিপোজিটের পরিমাণ ৮.৪২% বেড়ে ৭৯,০২৭.১২ কোটি টাকা হয়েছে। অগ্রিম দেওয়ার নিরিখেও এই ত্রৈমাসিকেও গত বছরের তুলনায় ১৬.৯৫% বেশি দিয়েছে- যার মোট অর্থাঙ্ক ১,৪২, ১৫৬.২৮ কোটি টাকা। গ্রস এনপিএ গত বছরের তুলনায় কমে (৬.৫৮%) ৯,৩৫৮.৯২ কোটি টাকা হয়েছে।



■ দপাঁশকুড়া পঞ্চায়েত সমিতির ব্যবস্থাপনায় দুয়ারে সরকার ক্যাম্প শুরু হল। আবার নতুন করে পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া পঞ্চায়েত সমিতির ব্যবস্থাপনায় দুয়ারে সরকার রূপায়িত হল। পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া এলাকায় এই ব্লকের অধীনে দু'টি ক্যাম্প দেওয়া হয়েছে। বৃহস্পতিবার তার প্রথম ক্যাম্পটি অনুষ্ঠিত হয় উত্তর মেচোগ্রাম প্রাইমারি স্কুলের সামনে। ক্যাম্পে শুরু থেকেই দেখা যায় মানুষের আগ্রহ ও নানা প্রকল্পের নাম নথিভূক্তকরণের। পার্শ্ববর্তী তপশিলভুক্ত দলুই পাড়ার বাসিন্দারা এই ক্যাম্পে আসেন। এছাড়াও পিতপুর কেশাপাট গ্রাম থেকে বাসিন্দারা পৌঁছোন। জমির পাট্টা আবেদন ছাড়াও পশ্চিমবঙ্গ বিদ্যুৎ বণ্টন সংস্থার বিদ্যুৎ সংযোগের আবেদন করা যাবে জেনে খুশি এলাকাবাসী। এই এলাকায় মৎস্যজীবী তেমনভাবে না থাকলেও মৎস্যজীবীদের ক্রেডিট কার্ডের ব্যবস্থা এবারের দুয়ারে সরকারে নতুন সংযোজন। হাজির ছিলেন এলাকার প্রধান শ্রীমতি কমলা সন্নিগ্রাহি, ব্লক সভাপতি মনোরঞ্জন মালিক, ও সহ সভাপতি সেখ হানিফ মহম্মদ। বিডিও ধেনদূপ ভুটিয়া ও জেলা স্তরের আধিকারিকরা।

# শিয়া ধর্মস্থানে হামলা সুন্নি জঙ্গি সংগঠন আইএসের, ইরানে নিহত অন্তত ১৫

**তেহরান:** ইরানের একটি শিয়া ধর্মস্থানে ভয়াবহ হামলা চালাল আন্তর্জাতিক জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট (আইএস)। এই ঘটনায় মৃত্যু হয়েছে কমপক্ষে ১৫ জনের। জখম হয়েছেন অন্তত ৩০ জন। জখমদের মধ্যে অনেকেরই অবস্থা আশঙ্কাজনক। ফলে মৃতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ইরানের সরকারি সংবাদমাধ্যম সূত্রে খবর, বুধবার রাতে ইরানের সিরাজ শহরে একটি মাজারকে নিশানা করে বন্দুকবাজরা। শিয়া সম্প্রদায়ের শাহ চেরাগ মাজারে ঢুকে এলোপাথাড়ি গুলি চালাতে শুরু করে ৩ জন বন্দুকবাজের একটি দল। গুলির আঘাতে রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন অনেকেই। এই হামলায় প্রাণ হারিয়েছেন অন্তত ১৫ জন। জখম বহু। তাঁদের দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ২ জন হামলাকারীকে পাকড়াও করেছে নিরাপত্তারক্ষীরা। ১ জঙ্গি এখনো পলাতক। এক প্রত্যক্ষদর্শী বলেন, 'আমরা প্রার্থনা করার জন্য তৈরি হচ্ছিলাম। তখনই গুলির শব্দ শুনতে পাই। আমি পালানোর চেষ্টা করি তখনই দেখতে পাই কয়েকজন রক্তাক্ত অবস্থায় মাটিতে পড়ে আছেন।' শিয়া ধর্মস্থানে এই হামলার দায় স্বীকার করেছে আন্তর্জাতিক জঙ্গি সংগঠন ইসলামিক স্টেট (আইএস)। এই বর্বরোচিত হামলার উচিত জবাব দেওয়া হবে বলে হুঙ্কার দিয়েছেন ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি। তিনি বলেন, 'দেশ ভাগ করার ষড়যন্ত্রে বিফল হয়ে ইরানের শত্রুরা এবার হিংসা ছড়াচ্ছে। এই বর্বরোচিত কাজের সমুচিত জবাব দেওয়া হবে। যারা এই হামলা চলিয়েছে তাদের উচিত সাজা দেবে ইরানের নিরাপত্তা সংস্থাগুলি।' এদিকে, শিয়া সংখ্যাগুরু দেশ ইরানে আইএস জঙ্গিদের এভাবে সক্রিয় হয়ে ওঠা অশনি সংকেত বলেই মত বিশ্লেষকদের। বিশেষ করে হিজাব বিক্ষোভের সময় জঙ্গিদের গতিবিধি ভবিষ্যতে বড়ো অঘটনেরই ইঙ্গিত করছে। তেহরান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তথা আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ ফওয়াদ ইজাদির মতে, মসজিদ ও মাজারগুলিকে নিশানা করা ইসলামিক স্টেটের ট্রেড মার্ক হামলার নমুনা। উল্লেখ্য, আইএস সুন্নি জেহাদি সংগঠন। তবে ইসলামের ব্যাখ্যা ও মতবাদ নিয়ে তালিবান ও আল কায়েদার মতো জেহাদি সংগঠনের সঙ্গে তাদের বিবাদ তুঙ্গে। আইএসের দাবি, তালিবান আমেরিকার 'মোল্লা ব্র্যাডলি' প্রকল্পের অঙ্গ। ওই মৌলবাদীদের মতে, ওই প্রকল্পে জেহাদি সংগঠনের একাংশকে নিজেদের দিকে টেনে সেগুলিকে দুর্বল করে দেয় আমেরিকা। এতদিন আফগান-ই-স্তানে সংখ্যালঘু শিয়া সম্প্রদায়কে নিশানা করে আসছিল ইসলামিক স্টেট। এবার ধর্মের নামে ইরানেও শিয়াদের ওপর হামলা চালাচ্ছে তারা।

—সংবাদ সংস্থা


ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো: লিমিটেড
CIN : L65909WB1981PLC033333
রেজিস্টার্ড অফিস: ৯০, ফিয়ার্স লেন, ষষ্ঠ তল, রুম নং-৬০৩, কলকাতা - ৭০০ ০১২
ই-মেল আইডি : vipcl21@hotmail.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫ -এর ২৯নং ধারা অনুযায়ী, ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য শুক্রবার, ১১ নভেম্বর, ২০২২ তারিখে সকাল ১১টায় ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো: লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। "কোম্পানীজ কোড অফ কনডাক্ট ফর প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং" সহ সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত) অনুযায়ী, কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত আধিকারিক, তাঁদের রিলেটিভ ও এই কোডের সাথে যুক্ত সবার কাছে ইনসাইডার ট্রেডিং নিষিদ্ধ করার জন্য পূর্বে জানানো কোম্পানীর কোড অফ কনডাক্ট অনুযায়ী কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘণ্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।
বোর্ড-এর আদেশানুসারে
ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো: লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
একতা কেদিয়া
কোম্পানী সচিব
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২২
M No. 53273


# দুর্নীতি রুখতে

১ পাতার পর

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দুর্নীতির তদন্তের সঙ্গে সংযুক্ত সব কেন্দ্রীয় সংস্থাকে দীর্ঘদিন ধরে চলতে থাকা মামলা দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন। দুর্নীতি তদন্তে বিলম্ব ও সমাজের সব স্তর থেকে দুর্নীতি মুক্ত করার জন্য বৃহস্পতিবার নরেন্দ্র মোদী 'দুর্নীতি অভিযোগ ম্যানেজমেন্ট সিস্টেম' নামে এক পোর্টালের সূচনা করেন। ৩১ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত ভিজিল্যান্স অ্যাওয়ারনেস উইক পালিত হচ্ছে। কথা ছিল, প্রধানমন্ত্রী সমাপ্তি ভাষণ দেবেন। কিন্তু গুজরাতে ভোটের নির্ঘণ্ট ঘোষণার পর প্রার্থী তালিকা প্রস্তুত করার কাজে ব্যস্ত হয়ে পড়বেন বলে বৃহস্পতিবারই ভাষণ দেন।

বিজেপি সূত্রে খবর, বৃহস্পতিবার গান্ধীনগরে অমিত শাহর উপস্থিতিতে দলের কেন্দ্রীয় কমিটির বৈঠক বসেছে। জানা গেছে, গুজরাত বিধানসভার ভোটে প্রার্থী তালিকা প্রস্তুতির জন্যই এই বৈঠক। মোরবিকাণ্ডে ক্ষুণ্ণ হওয়া মোদীর ভাবমূর্তি ফের উজ্জ্বল করে তুলতে গুজরাতের যেসব মন্ত্রী ও বিধায়কদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে, তাঁদের এবার দল প্রার্থী করবে না বলে সিদ্ধান্ত নিয়েছে বিজেপি।

# ৩৩ লাখ টাকা

১ পাতার পর

বলে অভিযোগ। এমনকী, আরবাজ ও তাঁর বন্ধুকে মারধরও করা হয় বলে অভিযোগ। তার পর তাঁদের নিয়ে যাওয়া হয় একবালপুর থানাতেই। অভিযোগকারী আরবাজ জানান, তাঁরা এতই ঘাবড়ে গিয়েছিলেন যে, প্রথমে থানায় কিছুই বলতে পারেননি। পরে তাঁদের সংস্থার মালিক থানায় আসেন। তিনি বলেন, সংস্থার কাজের টাকাই ব্যাঙ্কে জমা দিতে যাচ্ছিলেন যুবক। পুলিশ খতিয়ে দেখলে থানার ২ কনস্টেবলের কীর্তি ফাঁস হয়। উল্লেখ্য, কিছুদিন আগেই ছিনতাইয়ের অভিযোগে ২ পুলিশ কর্মীকে গ্রেফতার করা হয়েছিল। দমদম স্টেশনে এক রুপো ব্যবসায়ীর রুপো ছিনতাইয়ের অভিযোগ উঠেছিল ২ পুলিশ কর্মীর বিরুদ্ধে। এছাড়া, মাস দুয়েক আগে এক ব্যবসায়ীর কাছ থেকে প্রায় ১ কোটি টাকা ছিনতাইয়ের অভিযোগে গ্রেফতার হন কলকাতা পুলিশের আরো ১ কনস্টেবল। অভিযোগ, কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগে কর্মরত ওই অভিযুক্ত আরেক কনস্টেবলকে সঙ্গে নিয়ে ওই ব্যবসায়ীর টাকা ছিনিয়ে নেন। মঙ্গলবার অভিযুক্তকে গ্রেফতার করেন কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগের আধিকারিকরা। পুলিশ সূত্রে খবর, ছিনতাইয়ের অভিযোগে ২৬ অক্টোবর মঙ্গলবার কনস্টেবল দেবাশিস দাসকে গ্রেফতার করা হয়েছে। এর আগে একই অভিযোগে আরো এক কনস্টেবলকেও গ্রেফতার করা হয়েছিল। পুলিশের কাছে ওই ব্যবসায়ীর অভিযোগ, গত আগস্টে মধ্য কলকাতার তালতলা এলাকায় ব্যাঙ্কে টাকা জমা দিতে যাচ্ছিলেন তিনি। সে সময় তল্লাশির অজুহাতে তাঁর কাছ থেকে প্রায় ১ কোটি টাকা ছিনিয়ে নেন ওই ২ জন কনস্টেবল।

# গুজরাতে ২ দফা

১ পাতার পর

অভিযোগ ছিল, গুজরাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যাতে ভোটের আগে একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের ঘোষণা করতে পারেন সেই সুবিধা দিতেই গুজরাতের ভোটের ঘোষণা করছে না কমিশন। কারণ, একবার ভোটের নির্ঘণ্ট ঘোষণা হলেই আদর্শ নির্বাচনি আচরণবিধি জারি হয়ে যাবে। তখন আর নতুন প্রকল্পের ঘোষণা করা যাবে না। এদিন ভোটের নির্ঘণ্ট প্রকাশের আগে কংগ্রেস কমিশনকে কটাক্ষ করে ট্যুইট করে, 'ভারতের নির্বাচন কমিশন একটি স্বয়ংশাসিত সংস্থা। এই সংস্থা নিরপেক্ষ নির্বাচন করায়।' মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার কংগ্রেসের পক্ষপাতের কটাক্ষের জবাবে এদিন বলেন, 'নিরপেক্ষতা বজায় রাখা নির্বাচন কমিশনের ঐতিহ্য। আমরা ১০০% নিরপেক্ষ। নির্ধারিত সময়ের মধ্যেই ভোটের দিনক্ষণ ঘোষণা হয়েছে। কেউ কেউ নেতিবাচক বাতারণ তৈরির চেষ্টা করছে। কিন্তু কথার চেয়ে বেশি জোরাল কাজই। ইভিএম নিয়ে যারা সমালোচনা করে ভোটের ফল তাদের স্বপক্ষে গেলে তারা চুপ হয়ে যায় সম্পূর্ণ।'

নির্বাচন কমিশন এদিন জানিয়েছে, প্রথম দফায় ১ ডিসেম্বর গুজরাতের ৮৯টি বিধানসভা আসনে ভোট হবে। দ্বিতীয় দফায় ৫ ডিসেম্বর ৯৩টি আসনে ভোট হবে। ১৮২ আসন বিশিষ্ট গুজরাত বিধানসভার মেয়াদ ফুরোবে আগামী বছর ১৮ ফেব্রুয়ারি। প্রথম দফার ভোটের জন্য বিজ্ঞপ্তি জারি হবে ৫ নভেম্বর আর দ্বিতীয় দফার ১০ নভেম্বর। প্রথম দফার ভোটের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষদিন ১৪ নভেম্বর। মনোনয়নপত্র যাচাইয়ের দিন ১৫ নভেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ১৭ নভেম্বর। দ্বিতীয় দফার ভোটের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার শেষদিন ১৭ নভেম্বর। মনোনয়ন যাচাইয়ের দিন ১৮ নভেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ২১ নভেম্বর। কমিশন সূত্রে খবর, স্বচ্ছ ও নির্বিঘ্নে ভোটপর্ব মেটানোর জন্য এবার গুজরাতে ৫১ হাজারের বেশি ভোটকেন্দ্র থাকবে। এরমধ্যে মহিলা পরিচালিত ভোটকেন্দ্রের সংখ্যা ১২৭৪টি। ১৮২টি ভোটকেন্দ্রের দায়িত্বে থাকবেন শারীরিক বিশেষভাবে সক্ষম ভোটকর্মীরা। এই প্রথমবার ৩৩টি ভোটকেন্দ্রের পরিচালনার দায়িত্বে থাকবেন কমবয়সি ভোটকর্মীরা।

এবছর গুজরাতে ১৮২টি বিধানসভা আসনের মধ্যে ১৪২টি সাধারণ আসন। ১৩টি আসন তপশিলি জাতিদের জন্য সংরক্ষিত আর ২৭টি আসন তপশিলি উপজাতিদের জন্য সংরক্ষিত থাকবে। মুখ্য নির্বাচনি কমিশনার রাজীব কুমার এদিন জানান, এবছর নতুন ভোটারের সংখ্যা ৩ লাখ ২৪ হাজার ৪২২ জন। মোট বুথের সংখ্যা ৫১,৭৮২টি। কমপক্ষে ৫০% ভোটকেন্দ্রে ওয়েবকাস্টের সুবিধা থাকবে। এবছর তৃতীয় লিঙ্গের ভোটারদের সুবিধার জন্য প্রতিটি জেলায় বিশেষ শিবিরের বন্দোবস্ত করা হবে। ২০১৭ সালের তুলনায় এবছর তৃতীয় লিঙ্গের ভোটারের সংখ্যা দ্বিগুণ হয়েছে।

# অসমে আল কায়েদা যোগে ধৃত ৩

**গুয়াহাটি:** মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মার নির্দেশের পরেই তালা পড়েছে অসমের মিঞা মিউজিয়ামে। এবার ওই ঘটনায় সন্ত্রাসবিরোধী আইনে গ্রেফতার করা হল ৩ জনকে। অভিযোগ, ধৃতদের দৌলতেই গোয়ালপাড়ায় অবৈধভাবে ওই মিউজিয়ামটি তৈরি করা হয়। শুধু তাই নয়, এই ঘটনায় আল কায়েদা যোগ রয়েছে বলেও অভিযোগ। গত সপ্তাহে অসমের গোয়ালপাড়া জেলার দাপকারভিটা এলাকায় উদ্বোধন করা হয় মিঞা মিউজিয়ামের। কিন্তু মঙ্গলবার সেই মিউজিয়ামে তালা ঝুলিয়ে দেয় জেলা প্রশাসন। অভিযোগ, মিউজিয়ামটি গড়ে উঠেছিল যে বাড়িতে, সেটি প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অনুদানে তৈরি। অসমের মুখ্যমন্ত্রীর বক্তব্য, মিউজিয়ামটি অর্থহীন। সেখানে যা কিছু রয়েছে সবই অসমিয়া জনজাতির পোশাক। 'লুঙ্গি ছাড়া ওদের কিছু নেই।' বলেও মন্তব্য করেন মুখ্যমন্ত্রী বিশ্বশর্মা। মিউজিয়াম গড়তে টাকা কোথা থেকে এসেছে তা জানতে তদন্তের নির্দেশও দেন তিনি। তারপরই নলবাড়ি জেলার থানায় দায়ের হওয়া একটি অভিযোগের ভিত্তিতে বুধবার অল অসম মিঞা পরিষদের সভাপতি মোহর আলি, সাধারণ সম্পাদক আবদুল বাতেন শেখ ও তনু ধাধুমিঞা। —সংবাদ সংস্থা

# আবেদনকারীকে

১ পাতার পর

অন্য রাজ্যে বিদ্যুৎ দফতরে বাংলার চাকরিপ্রার্থীরা সুযোগ পান না, কারণ সেই রাজ্যের ভাষায় পেপার বাধ্যতামূলক ও ডোমিসাইল প্রক্রিয়া চালু আছে। 'বাংলা পক্ষ' ২০১৯ সাল থেকে লাগাতার আন্দোলন শুরু করেছিল। দফায় দফায় ডেপুটেশন ও বিক্ষোভ সংগঠিত হয়েছিল। বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাসের সঙ্গে কয়েক দফা বৈঠকও হয় আন্দোলনকারীদের। অন্য সব রাজ্যের চাকরির নিয়োগ নিয়মাবলি জমা করা হয় মন্ত্রীর কাছে। এই আন্দোলনের ফলে আগেই ডব্লুবিএসইডিসিএল-এর চাকরিতে বাংলা পরীক্ষা বাধ্যতামূলক হয়েছিল। এবার চালু হল ডোমিসাইল প্রক্রিয়া।

# আধার কার্ড

১ পাতার পর

কিন্তু বারবার চেষ্টা করেও নিজের বাড়িতে ফিরতে পারেননি রাসমণি। পুলিশ তাঁকে ইলাহাবাদে একটি মেয়েদের সেফ শেল্টারে পাঠিয়ে দেয়। লখনউয়ের ওই সেফ শেল্টারে থাকার সময় রাসমণির আধার কার্ডের জন্য আবেদন করার চেষ্টা করা হয়। ৫ বার আবেদন করার চেষ্টা ব্যর্থ হয়। ষষ্ঠবার দেখায় আধার কার্ড আগেই হয়েছে। নকল করার চেষ্টা হচ্ছে। সেখান থেকেই আসল আধার কার্ডের সন্ধান মেলে। আসল আধার কার্ডের থেকে রাসমণির বাড়ির ঠিকানা মেলে। তারপরই ঝাড়খণ্ডে নিজের বাড়িতে ফিরতে সফল হন রাসমণি।

# বাংলাদেশে জেলহত্যা দিবসে হাসিনার শ্রদ্ধা

শ্যামল সান্যাল ● ঢাকা

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জেলহত্যা দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় ৪ নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। বৃহস্পতিবার সকালে রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরের সামনে রক্ষিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী। হাসিনা সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন। পরে, আওয়ামি লিগের সভাপতি হিসেবে শেখ হাসিনা দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দকে নিয়ে জাতির পিতার প্রতিকৃতির বেদীতে আরেকটি পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর আওয়ামি লিগ ও এর সহযোগী সংগঠন আওয়ামি যুবলিগ, ছাত্রলিগ, মহিলা আওয়ামি লিগ, শ্রমিক লিগ, কৃষক লিগ, যুব মহিলা লিগ ও স্বেচ্ছাসেবক লিগের নেতা-কর্মীসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের তরফেও জাতির পিতার প্রতিকৃতির বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু ও জাতীয় ৪ নেতার প্রতি শ্রদ্ধা জানানো হয়। এরপরে প্রধানমন্ত্রী বনানী কবরস্থানে যান ও ১৯৭৫ সালের ১৫ আগস্ট ও ৩ নভেম্বর হত্যাকাণ্ডে শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। ১৯৭৫ সালের এই দিনে ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাতের অন্ধকারে বঙ্গবন্ধুর খুনীচক্র নির্মমভাবে জাতীয় ৪ নেতা তাজউদ্দিন আহমদ, সৈয়দ নজরুল ইসলাম, ক্যাপ্টেন মনসুর আলি ও এএইচএম কামারুজ্জামানকে হত্যা করে। যাঁরা বঙ্গবন্ধুর অবর্তমানে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে নেতৃত্ব দিয়ে বিজয় ছিনিয়ে এনেছিলেন।

# নিশীথের কনভয়ে হামলা

১ পাতার পর



■ নিরাপত্তারক্ষীদের ঘেরাটোপে নিশীথ প্রামাণিক। বৃহস্পতিবার

ও ইটবৃষ্টি। নিশীথের নিরাপত্তার দায়িত্বে থাকা কেন্দ্রীয়বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসে। এই ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোর শুরু হয়ে গেছে। বিজেপি শিবিরের দাবি, কয়েক দিন আগেই রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ নিশীথ প্রামাণিকের চুল দাড়ি উপড়ে ফেলার হুমকি দিয়েছিলেন। সেই উসকানির জেরেই এই হামলা। অন্যদিকে সিতাইয়ের তৃণমূল বিধায়ক জগদীশ বর্মা বসুনিয়া বলেন, 'বিজেপির কিছু দুষ্কৃতী বোমাবাজি করেছে। সিআরপিএফ জওয়ানদের হামলায় আমাদের কয়েকজন তৃণমূল কর্মী জখম হয়েছে।' হামলার অভিযোগ অস্বীকার করে উদয়ন গুহ জানান, 'তৃণমূল কর্মীরা কোনো হামলা চালায়নি। যদি হামলা হয়ে থাকে তা বিজেপির অন্তর্কলহের ফল।' কোচবিহারের অতিরিক্ত পুলিশ সুপার কে সানিরাজ বলেন, 'এদিন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী যখন সিতাই যাচ্ছিলেন কিছু লোক কালো পতাকা দেখাচ্ছিল। তা নিয়ে উত্তেজনা ছড়িয়ে পড়ে। ২ পক্ষের মধ্যে সামান্য ধস্তাধস্তি হয়। এতে দু'জন সামান্য আহত হয়েছে। তবে মন্ত্রী বেরিয়ে গেছেন।' কেন্দ্রীয় মন্ত্রী নিশীথ প্রামাণিকের কনভয়ের ওপর এই হামলার পরই তীব্র প্রতিবাদ ও ধিক্কার জানান বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। বালুরঘাটে দলের কর্মীদের সঙ্গে চলা বৈঠকের মধ্যে এই খবর আসার পরই তিনি ক্ষোভে ফেটে পড়েন। এরপরই তিনি ফোনে নিশীথ প্রামাণিকের সঙ্গে এক প্রস্ত কথা বলেন। তাঁর মুখ থেকে সব জেনে দিল্লির কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে দীর্ঘক্ষণ কথা বলেন। পরে এব্যাপারে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে তিনি রাজ্য পুলিশের দিকে সরাসরি আক্রমণ করে বলেন, 'দলের যোগসাজশ না থাকলে কীভাবে রাজ্য পুলিশের সামনে একজন কেন্দ্রীয় মন্ত্রীর ওপর তৃণমূলের দুষ্কৃতীরা হামলা চালাতে পারে? তাহলে কি ধরে নিতে হবে এ রাজ্যের পুলিশ শুধু ভাইপো আর পিসিকে পাহারা দিতেই নিজেদের ব্যস্ত রাখবে, অন্য সব ভিআইপিরা বাদ? কয়েক দিন আগেই আমরা নির্বাচন কমিশনের কাছে আসন্ন পঞ্চায়েত ভোটে নিরাপত্তার বিষয় নিয়ে বলেছিলাম, কমিশন পুলিশ বা চৌকিদার দিয়েই ভোট করাক না কেন কমিশনকে সুনিশ্চিত করতে হবে। ভোটে যেন কোনো মায়ের কোল খালি না হয়। এখন দেখছি আজকের ঘটনার পর সেই রাজ্য পুলিশের ওপর আর আস্থা রাখা সম্ভব নয়।'

# অপরাধী কে সবাই জানে : বিচারপতি

**সুখবর ব্যুরো, কলকাতা:** আসল অপরাধী কে সবাই জানে, আমার জীবদ্দশায় তারা ধরা পড়বে বলে তো মনে হয় না। আমি তো নিজে ধরতে যেতে পারব না। বৃহস্পতিবার নিজের এজলাসে বসে এমনই মন্তব্য করেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তবে তিনি শিক্ষক নিয়োগ দুর্নীতি সংক্রান্ত কোনো মামলার শুনানিতে একথা বলেননি। বৃহস্পতিবার দুপুরে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাসে আসেন এক ব্যক্তি। তিনি নিজেকে সুনীল ভট্টাচার্য বলে পরিচয় দেন। আদতে নাকতলার বাসিন্দা হলেও বর্তমানে কর্মসূত্রে ওড়িশায় থাকেন বলে জানান। বিচারপতিকে ওই ব্যক্তি জানান, তিনি ও তাঁর ৯২ বছরের মা বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের অনুরাগী। বিচারপতি একজন নমস্য ব্যক্তি। আসল অপরাধীদের ধরতে হবে।' তখন সেই শুনে নস্টালজিক হয়ে পড়ে বিচারপতি গঙ্গোপাধ্যায় মন্তব্য করেন, '৬ বছর আগে ওড়িশা থেকে আসার সময় ট্রেনে এক ব্যক্তি আমায় ব্যঙ্গ করেন। ওই ব্যক্তি আমায় জিজ্ঞাসা করেন আমি পশ্চিমবঙ্গের বাসিন্দা কিনা? বাংলায় টাকার বিনিময় কলেজে ভরতি হয় কিনা?' এখানেই না থেমে বিচারপতি আরো বলেন, 'বছর কয়েক আগে আমার এক ক্লার্কের মেয়েকে মেদিনীপুরে এক কলেজে ইংরিজিতে স্নাতক স্তরে ভরতি করানোর সময় আড়াই লাখ টাকা চাওয়া হয়েছিল। এই তো অবস্থা। সবাই মিলে চেষ্টা করলে এই অবস্থা থেকে বেরতে পারব।'

# গুলিবিদ্ধ

১ পাতার পর

ঘটনার পেছনে কোনো জঙ্গি সংগঠন জড়িত। তবে আততায়ী বন্দুকবাজ জেরায় জানিয়েছে, সে কোনো জঙ্গি সংগঠনের সদস্য নয়। ইমরান খান সাধারণ মানুষকে বিপথে চালিত করছেন বলে রাগে তাকে মারতে চেয়েছিল সে।' অসমর্থিত সূত্রে খবর, একে ৪৭ রাইফেল হাতে আরো এক বন্দুকবাজকে দেখা গেছে ঘটনাস্থলে। জখম ৭ জনের মধ্যে ইমরানের দলের ৪ নেতা রয়েছেন। তাঁদের অন্যতম পাক পার্লামেন্টের সদস্য ফয়জল জাভেদ খান জানান, তাঁদের একজন দলীয় সমর্থক হামলায় প্রাণ হারান। ইমরান খানের ওপর হামলার তীব্র নিন্দা করেছেন পাক প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। দেশের অভ্যন্তরীণ মন্ত্রী রানা সানাউল্লাহকে পুলিশ প্রশাসনের কাছ থেকে অবিলম্বে রিপোর্ট চাওয়ার নির্দেশ দিয়েছেন শরিফ। ইমরান খানের ওপর হামলার নিন্দা করেছেন পাক বিদেশমন্ত্রী ও বেনজির-পুত্র বিলাবল ভুট্টো জারদারি। পাক-ই-স্তানে গণতন্ত্র পুনরায় প্রতিষ্ঠা করার লক্ষ্যে গত ২৯ অক্টোবর থেকে লাহোর থেকে ইসলামাবাদ পর্যন্ত 'লং মার্চ' শুরু করেছেন ইমরান। আজ, শুক্রবারই মিছিলের ইসলামাবাদ পৌঁছোনোর কথা ছিল। সেজন্য দলের সব নেতা-কর্মী ও সমর্থকদের লাহোরের লিবার্টি চকে জমায়েত করার ডাক দিয়েছিলেন প্রাক্তন পাক প্রধানমন্ত্রী। ইমরানের লং মার্চকে নিষিদ্ধ করার দাবিতে পাক প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের দল পাক সুপ্রিম কোর্টে মামলা করেছিল। গত মাসে সুপ্রিম কোর্ট সেই আর্জি খারিজ করে দেয়। তাই ইমরানের দলের নেতৃত্বের একাংশের মতে, এদিনের হামলার পেছনে রাজনৈতিক কারণ থাকতে পারে। —সংবাদ সংস্থা


**Kirtipur–I Gram Panchayat**
Chowmuha, PO- Mudiahat, P.S- Sashan, 24 Pgs (N)
NIT has been invited by the Pradhan, Kirtipur - I Gram Panchayat under Barasat -II Panchayat Samity, North 24 parganas vide **NIT No.800/K-IGP/22-23** dt.02.11.2022. Last date of bid submission **11/11/2022 up to 18.30 hrs.** For other information please follow the website http://wbtenders.gov.in
Sd/-
Pradhan, Kirtipur-I Gram Panchayat

**Falti Beliaghata Gram Panchayat**
Barasat-II Panchayat Samity, North 24 Pgs, PIN- 743423
E-TENDER
15th CFC TIED & UNTIED FUND
⇒ NIT NO : 313/FBGP/22, Publish Date- 03/11/22 at 15.00 PM
⇒ NIT NO : 314/FBGP/22, Publish Date- 03/11/22 at 15.00 PM
⇒ NIT NO : 315/FBGP/22, Publish Date- 03/11/22 at 15.00 PM
⇒ NIT NO : 316/FBGP/22, Publish Date- 03/11/22 at 15.00 PM
1. Document Download / Sale Start Date & Time : 04/11/22 at 11.00 PM
2. Document Download / Sale End Date & Time : 10/11/22 at 16.00 PM
Tender Opening Date & Time: 15/11/22 at 12.00 PM
N.B. If the office remains closed in any unavoidable circumstances on above – mentioned any days then next working day will come into force.
For Detail Information follow the Website https://wbtenders.gov.in & Offfice Notice Board of Falti Beliaghata Gram Panchayat.
Sd/-
Prodhan
Falti Beliaghata G.P.

**ABRIDGED TENDER NOTICE**
N.I.T. No. WBGP/HOREKHALI/06/2022-23
The Pradhan, Horekhali Gram Panchayat invites percentage rate tenders through E-tendering for New Submersible Pump, 4nos. Scheme at 04 (Four) site in GP area under XV FC FUND 2021-22 (Tied ) by two folder system. Intending bidders may access detailed information and respond from e-procurement portal of Government of West Bengal at http://www.wbtenders.gov.in on and from 04TH November, 2022 (Friday) at 10-30 Hours to 11th November, 2022 (Friday) at 17-30 Hours.
Sd/- Pradhan
Horekhali Gram Panchayat,
Purba Medinipur

**e-Tender Notice**
e-Tender are being invited by the undersigned from the bonafied bidders for 03 Nos work. Tender Ref. No.: 03/15th Fc/Rani-II GP/ 2022-2023. Memo No. 812 / Rani-II GP / 2022 Dated: 30/10/2022. Bid submission start date 02/11/2022 at 18:00 Hrs. Bid submission closing date 09/11/2022 upto 14:00 Hrs. For details contact the office of the undersigned & visit the website www.wbtenders.gov.in
Sd/-
Prodhan, Raninagar-II GP
P.O.- Nabipur, P.S.- Raninagar, Murshidabad

**আর্ক ফিনান্স লিমিটেড**
CIN : L51909WB1982PLC035283
রেজিস্টার্ড অফিস : ১৮, রবীন্দ্র সরণী, পোদ্দার কোর্ট, গেট নং-৪, চতুর্থ তল, রুম নং-৩, কলকাতা - ৭০০০০১
ই-মেল : arcfinancelimited@gmail.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫ -এর ২৯নং ধারা অনুযায়ী, ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য শনিবার, ১২ নভেম্বর, ২০২২ তারিখে দুপুর ১.৩০টায় আর্ক ফিনান্স লিমিটেড এর বোর্ড অফ ডিরেক্টর-এর একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। "কোম্পানীজ কোড অফ কনডাক্ট ফর প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং" সহ সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত) অনুযায়ী, কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত আধিকারিক, তাঁদের রিলেটিভ ও এই কোডের সাথে যুক্ত সবার কাছে ইনসাইডার ট্রেডিং নিষিদ্ধ করার জন্য পূর্বে জানানো কোম্পানীর কোড অফ কনডাক্ট অনুযায়ী কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘণ্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।
বোর্ডের আদেশানুসারে
আর্ক ফিনান্স লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
রোহিত জৈন
কোম্পানী সচিব
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২২
M No. 44371

**সিমবিয়ক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কো. লিমিটেড**
CIN : L65993WB1979PLC032012
রেজিস্টার্ড অফিস : ৭এ, রানি রাসমণি রোড, কলকাতা- ৭০০ ০১৩
ই-মেল - symvioxinvestment100@gmail.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫ -এর ২৯নং ধারা অনুযায়ী, ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য শনিবার, ১২ নভেম্বর, ২০২২ তারিখে বিকাল ৩টায় বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা সিমবিয়ক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কো. লিমিটেড-এর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। "কোম্পানীজ কোড অফ কনডাক্ট ফর প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং" সহ সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত) অনুযায়ী, কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত আধিকারিক, তাঁদের রিলেটিভ ও এই কোডের সাথে যুক্ত সবার কাছে ইনসাইডার ট্রেডিং নিষিদ্ধ করার জন্য পূর্বে জানানো কোম্পানীর কোড অফ কনডাক্ট অনুযায়ী কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘণ্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।
বোর্ডের আদেশানুসারে
সিমবিয়ক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কো. লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
নেহা পানসারি
কোম্পানী সচিব
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২২
M No. 31763

**হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড**
রেজিস্টার্ড অফিস: ২২১, রবীন্দ্র সরণী, তৃতীয় তল, কলকাতা - ৭০০ ০০৭
CIN : L28991WB1981PLC033462
ই-মেল আইডি : hamiltonpoles@rediffmail.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫-এর ২৯নং ধারা অনুযায়ী, ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য বৃহস্পতিবার, ১০ নভেম্বর, ২০২২ তারিখে দুপুর ১২.৩০টায় হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। "কোম্পানীজ কোড অফ কনডাক্ট ফর প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং" সহ সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত) অনুযায়ী, কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত আধিকারিক, তাঁদের রিলেটিভ ও এই কোডের সাথে যুক্ত সবার কাছে ইনসাইডার ট্রেডিং নিষিদ্ধ করার জন্য পূর্বে জানানো কোম্পানীর কোড অফ কনডাক্ট অনুযায়ী কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘণ্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।
বোর্ড-এর আদেশানুসারে
হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
শিল্পী আগরওয়াল
কোম্পানী সচিব
এম নং- ৪০৯১৭
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২২

**কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড**
রেজিস্টার্ড অফিস: ১৮, রবীন্দ্র সরণী, পোদ্দার কোর্ট, গেট নং-৪, চতুর্থ তল, রুম নং-৪, কলকাতা - ৭০০০০১
CIN : L27104WB1980PLC033133
ই-মেল আইডি : kalpataruenggltd@gmail.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫-এর ২৯নং ধারা অনুযায়ী, ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য বৃহস্পতিবার, ১০ নভেম্বর, ২০২২ তারিখে দুপুর ২.৩০টায় কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। "কোম্পানীজ কোড অফ কনডাক্ট ফর প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং" সহ সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশনস, ২০১৫ (সংশোধিত) অনুযায়ী, কোম্পানীর দায়িত্বপ্রাপ্ত আধিকারিক, তাঁদের রিলেটিভ ও এই কোডের সাথে যুক্ত সবার কাছে ইনসাইডার ট্রেডিং নিষিদ্ধ করার জন্য পূর্বে জানানো কোম্পানীর কোড অফ কনডাক্ট অনুযায়ী কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘণ্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।
বোর্ড-এর আদেশানুসারে
কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
সন্দীপ বর্মা
কোম্পানী সচিব
এম নং- ০৪৬৬১২
স্থান : কলকাতা
তারিখ : ০৩.১১.২০২২

**পূর্ব রেলওয়ে**
সংক্ষিপ্ত টেন্ডার বিজ্ঞপ্তি নং : এইচডব্লুএইচ-I-১৭-২২-২৩ (ওপেন টেন্ডার) (সিঙ্গল প্যাকেট সিস্টেম) - ফর ই-টেন্ডারিং, তারিখ ০২.১১.২০২২। ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার (কন)-I, পূর্ব রেলওয়ে, ৩৭৩, তেলকলঘাট, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের ই-টেন্ডারিংয়ের জন্য সিল করা টেন্ডার আহ্বান করছেন। **কাজের নাম:** পূর্ব রেলওয়ের নির্মাণ বিভাগের অধিকারক্ষেত্রের অধীনে রাজগ্রাম কোয়ারির জন্য যে কোনও ধরনের রেলওয়ে ওয়াগনে ৬০০০০.০০ বর্গ মিমি মেশিনে ভাঙা ট্র্যাক স্টোন ব্যালাস্ট সরবরাহ তৎসহ সকল প্রকার সংশ্লিষ্ট ব্যয়। **টেন্ডার মূল্য :** ৭,৬০,২০,০০০ টাকা। **বায়নামূল্য :** ৫,৩০,১০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্য :** শূন্য। **কাজ শেষের মেয়াদ :** ৬ মাস। **খোলার তারিখ :** ২৫.১১.২০২২ তারিখ দুপুর ১২টা। টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ **www.ireps.gov.in** ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে টেন্ডারের জন্য বিডিং জমা করতে হবে। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয়। (CON-73/2022-23)
ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
Eastern Railway Headquarter